# রংপুর সিটি কর্পোরেশন

## সাধারণ শাখা

www.rpcc.gov.bd

### রংপুর সিটি কর্পোরেশনের মার্চ / ২০২৫ মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও সময় : ১০.০৩.২০২৫ইং সোমবার, বিকাল : ৩:০০টা
সভার স্থান : রংপুর সিটি কর্পোরেশন সভা কক্ষ
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য তিনি প্রধান নির্বাহী কর্মকর্তাকে বলেন। এর পরিপ্রেক্ষিতে সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | গত মাসিক সভার সিদ্ধান্ত পঠন ও অনুমোদনকরণ। | প্রধান নির্বাহী কর্মকর্তা গত মাসিক সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী প্রস্তাব না থাকলে তা দৃঢ়ীকরণ করার বিষয়ে মতামত প্রদানের অনুরোধ জানান। সভায় উপস্থিত সকলে কার্যবিবরনী দৃঢ়ীকরণের বিষয়ে একমত পোষণ করেন। | গত ০৬/০২/২০২৫ইং মাসিক সভার কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদন করা হয়। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| ২ | গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর/ খাদ্য শস্য/ নগদ টাকা) প্রকল্পর কর্মসূচী বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থাপন করেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে রংপুর সিটি কর্পোরেশনের অনুকূলে ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দকৃত টাকা ওয়ার্ড ভিত্তিক বিভাজনপূরবক দায়িত্বপ্রাপ্ত প্রত্যেক কাউন্সিলরগণকে প্রকল্প প্রদানের জন্য প্রস্তাব করা হয়। এ বিষয়ে সভাপতি সকল কাউন্সিলরবৃন্দকে জরুরী ভিত্তিতে প্রকল্প প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | সকল কাউন্সিলরবৃন্দকে জরুরী ভিত্তিতে প্রকল্প প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| ৩ | বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি, নতুন প্রকল্প গ্রহণ ও প্রাক্কলন অনুমোদন সংক্রান্ত। | ১) অবার্ট স্কুল হতে রবার্টসনগঞ্জ পানির ট্যাংক মোড় পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ। প্রাক্কলিত মূল্য = ৬১৪৬৫৯৯.৪৮ | নির্দিষ্ট সময়ের মধ্যে যথাযথভাবে স্কীমসমূহ বাস্তবায়ন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) |
| | | ২) অবার্ট স্কুল হতে রবার্টসনগঞ্জ পানির ট্যাংক মোড় পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ। প্রাক্কলিত মূল্য = ৪৩২০০৫০.০৭ | | |
| | | ৩) জনস্বাস্থ্য অফিসের পাশে নজরুলের বাড়ী হতে মোঃ গোলাম মর্তুজার বাড়ী পর্যন্ত রাস্তাসহ ড্রেন নির্মাণ। প্রাক্কলিত মূল্য = ১৯৪৫০১৭.৬৩ | | |
| | | ৪) ধাপ ইঞ্জিনিয়ারপাড়া গ্লোবাল আই কেয়ার রাস্তা সংলগ্ন মমদেলের বাড়ী হতে মতিয়ার রহমানের বাড়ী পর্যন্ত রাস্তাসহ ড্রেন নির্মাণ। প্রাক্কলিত মূল্য = ১৩৫১৯০৫.৩৯ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৫) রাধাবল্লভ সালমা খাতুন রোডস্থ আখতারুজ্জামান এর বাড়ী হতে কৃষ্ণ কান্ত এর বাড়ী পর্যন্ত রাস্তাসহ ড্রেন নির্মাণ।<br>প্রাক্কলিত মূল্য = ১৬৬৭২৭৪.৭৯<br><br>৬) রংপুর সিটি কর্পোরেশনের গারভেজ ইয়ার্ডে এইচবিবি রাস্তা নির্মাণ।<br>প্রাক্কলিত মূল্য = ২৫৮৮৩২৫.৮৫<br><br>৭) জি,এল রায় রোডস্থ রেলগেট নড়র মাতৃসদন সংলগ্ন এস শাহ আলম এর বাড়ী হতে রাস্তাসহ প্যালাসাইডিং নির্মাণ।<br>প্রাক্কলিত মূল্য = ২৭৫৯২১০.৩৮<br><br>৮) দমদমা রোড হতে তেলিপাড়া রোড পর্যন্ত রাস্তা উন্নয়ন ও কালভার্ট নির্মাণ।<br>প্রাক্কলিত মূল্য = ৪৪৫১৯৩৫.৮৫<br><br>৯) রংপুর কেন্দ্রীয় বাসটার্মিনাল ভবনে নতুন ইন্ডাসট্রিয়াল প্রোফাইল শীট স্থাপন।<br>প্রাক্কলিত মূল্য = ১৪৯৮৫০.০০<br><br>১০) পার্কের মোড়ে আরসিসি ড্রেনের স্লাব নির্মাণ।<br>প্রাক্কলিত মূল্য = ২০৭২১.৪০<br><br>১১) নুরপুর বড় কবরস্থানের রাস্তা নির্মাণ।<br>প্রাক্কলিত মূল্য = ৯৬৫০৮৮.৬১<br><br>১২) চকবাজার হতে তামপাট বাজার পর্যন্ত রাস্তার ইলেকট্রিক পোল স্থানান্তর।<br>প্রাক্কলিত মূল্য = ১১৯৫৫৬.০০<br><br>১৩) চিকলী পার্কে কীট জোন নির্মাণ<br>প্রাক্কলিত মূল্য = ১৫০০০০০০.০০<br><br>১৪) লালবাগ হাটের ড্রেনের ক্রোস ড্রেন নির্মাণ, প্রাক্কলিত মূল্য = ৪৫২০০০.০০ | | |
| | | ১৫) ফুল আমের তল মোড় লক্ষী মোটরবাইক মেরামত সেন্টার থেকে তালের তল চওড়াপাড়া রোড মোড় আব্দুর রাজ্জাকের দোকান পর্যন্ত রাস্তা মেরামতকরণ, প্রাক্কলিত মূল্য = ১,৬৬,১৩,৮০৯.০০ | | |
| ৪ | বিবিধ ঃ<br>ক) রাষ্ট্রীয় অর্থে প্রতিষ্ঠিত বিভিন্ন প্রতিষ্ঠান, স্থাপনা, প্রকল্প, পুরস্কার, বিভিন্ন বিশ্ববিদ্যালয় /শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত চেয়ার/ কর্ণার, বিভিন্ন সড়কের নামকরণের ক্ষেত্রে বিগত ফ্যাসিষ্ট সরকারের সাথে জড়িত ব্যক্তিবর্গের নাম পরিবর্তন সংক্রান্ত। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে প্রেরিত পত্র সিটি কর্পোরেশন-১ শাখা এর স্মারক নং- ৪৬.০০.০০০০.০৭০.১৬.০০৪.২০-২১৯, তাং- ১৬ মার্চ ২০২৫ মোতাবেক প্রেরিত পত্রটি এবং ফ্যাসিষ্ট সরকারের সাথে জড়িত ব্যক্তিবর্গের নাম পরিবর্তন সংক্রান্ত বিষয়ে উপস্থাপন করেন। এ বিষয়ে প্রশাসক মহোদয় "বঙ্গবন্ধু মেমোরিয়াল হাসপাতাল" মাহিগঞ্জ, রংপুর এর নাম পরিবর্তন করে শহীদ আবু সাঈদ মেমোরিয়াল হাসপাতাল, মাহিগঞ্জ, রংপুর এর নামে নামকরণ করার নির্দেশনা প্রদান করেন। | "বঙ্গবন্ধু মেমোরিয়াল হাসপাতাল" মাহিগঞ্জ, রংপুর এর নাম পরিবর্তন করে শহীদ আবু সাঈদ মেমোরিয়াল হাসপাতাল, মাহিগঞ্জ, রংপুর এর নামে নামকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |

22/2

| | | | | |
|---|---|---|---|---|
| | খ) আসন্ন ঈদ-উল ফিতর উপলক্ষে শহরের যানজট নিরসন সংক্রান্ত। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থাপন করেন আসন্ন ঈদ-উল ফিতর উপলক্ষে শহরের যানজট নিরসনকল্পে সিটি পুলিশ দ্বারা নিয়ন্ত্রণ করা সম্ভবপর হয় না, সেহেতু শহর নিয়ন্ত্রণের লক্ষ্যে সিটি পুলিশের পাশাপাশি অটো শ্রমিক সমিতির লোক দ্বারা যানজট নিরসন করা হয়, তৎপ্রেক্ষিতে প্রতিবছরের ন্যায় এ বছরও অটো শ্রমিক সমিতির লোকদ্বারা যানজট নিরসন এবং সম্মানিভাতা প্রদানের প্রস্তাব করেন। এ বিষয়ে প্রশাসক মহোদয় পূর্বের ন্যায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | অটো শ্রমিক সমিতির সহযোগিতায় যানজট নিরসন এবং তাদের সম্মানিভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১.০২.০০৯.২৫-৯৯০

তারিখঃ ২৫ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
৮ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। সম্মানিত কাউন্সিলরবৃন্দ, রংপুর সিটি কর্পোরেশন।
৪। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
৫। প্রধান সম্পত্তি কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৬। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রংপুর সিটি কর্পোরেশন।
৭। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৮। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
১০। বিভাগীয় কমিশনার মহোদয়ের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর (বিভাগীয় কমিশনার ও প্রশাসক, রংপুর সিটি কর্পোরেশন মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। নির্বাহী প্রকৌশলী, অঞ্চল....... রংপুর সিটি কর্পোরেশন।
১২। নগর পরিকল্পনাবিদ, রংপুর সিটি কর্পোরেশন।
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদা), রংপুর সিটি কর্পোরেশন।
১৪। সহকারী প্রকৌশলী (অঃ দাঃ), পানি সরবরাহ শাখা, রংপুর সিটি কর্পোরেশন।
১৫। বস্তি উন্নয়ন কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১৬। প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
১৭। ..............................................................রংপুর সিটি কর্পোরেশন।
১৮। শাখা প্রধান (সকল) রংপুর সিটি কর্পোরেশন।
১৯। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন (ওয়েব সাইটে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।
২০। অফিস নথি।

০৮.০৪.২৫
উম্মে ফাতিমা
পরিচিতি নং- ১৬৬৭৮
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd.